

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
ইরেসপো-২য় পর্যায়  
পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫  
[www.iresppw-brdb.gov.bd](http://www.iresppw-brdb.gov.bd)

স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৬৬.১৪.৪০৪.১৩.২০৭৫

তারিখঃ ০৭ অক্টোবর, ২০২৪ খ্রি.

বিষয়ঃ ঋণ বিতরণের ক্ষেত্রে সতর্কতা অবলম্বন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো)-২য় পর্যায় প্রকল্পের আওতায় সুফলভোগীদের মাঝে ক্ষুদ্র ও উদ্যোক্তা ঋণ সুষ্ঠুভাবে বিতরণের লক্ষ্যে প্রকল্পের সদর কার্যালয় হতে ‘প্রকল্প বাস্তবায়ন নির্দেশিকা’ প্রেরণ করা হয়েছে। উক্ত প্রকল্প বাস্তবায়ন নির্দেশিকায় পরিষ্কার উল্লেখ এবং প্রধান কার্যালয় থেকে প্রেরিত পত্রে বার বার নির্দেশনা প্রদানের পরও মাঠ পর্যায়ে পরিদর্শনে গিয়ে প্রদত্ত নির্দেশনাবলী কোন কোন উপজেলায় যথাযথভাবে প্রতিপালন পরিলক্ষিত হচ্ছে না, যার ফলশ্রুতিতে বিভিন্ন আর্থিক অনিয়ম, হস্তমজুদ ও আত্মসাতের মতো অনাকাঙ্ক্ষিত ঘটনা ঘটছে। এর দায় আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে সংশ্লিষ্ট উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা কোন ক্রমেই এড়াতে পারেন না। এমতাবস্থায় ঋণ কার্যক্রমে শৃঙ্খলা আনয়ন, হস্তমজুদ ও আত্মসাতের মতো বিষয়গুলো এড়ানোর লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো:

১. ঋণ বিতরণের/ঋণের অর্থ সুফলভোগীর ব্যাংক হিসাবে স্থানান্তরের পূর্বে আবশ্যিকভাবে প্রত্যেক সুফলভোগী অফিসে উপস্থিত হবেন এবং উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সংশ্লিষ্ট সুফলভোগীর বিষয়ে নিশ্চিত হয়ে ঋণের চেক/ব্যাংক ট্রান্সফার পত্রে স্বাক্ষর করবেন;
২. ৫০ হাজার টাকার উর্ধ্বে ক্ষুদ্র এবং উদ্যোক্তা ঋণ প্রদানের ক্ষেত্রে সদস্যদের কাছ থেকে সেবামূল্যসহ আসলের সমপরিমাণ অর্থের জন্য ২টি পোস্ট ডেটেড ক্রস চেক প্রকল্পের IRESPPW (LOAN FUND), BRDB শিরোনামে জমা রাখতে হবে। এক্ষেত্রে সদস্যদের জমাকৃত পোস্ট ডেটেড ক্রস চেক এর নম্বর উল্লেখপূর্বক একটি রেজিষ্টারে এন্ট্রি দিয়ে এআরডিও ও ইউআরডিও এর স্বাক্ষর গ্রহণ করতে হবে এবং চেক সমূহ হিসাব সহকারীর হেফাজতে রক্ষিত থাকবে। চেকে প্রাপকের স্থান কোনক্রমেই ফাঁকা রাখা যাবে না।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার সম্মুখে উপস্থিত হয়ে প্রত্যেক ঋণ গ্রহীতা ঋণ বিতরণী সনদে স্বাক্ষর করবেন। ঋণের চেক বিতরণ/ঋণ অনুমোদনের পূর্বে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ঋণের ব্যবহার, ঋণ পরিশোধ, পাশবহির ব্যবহার, নিজ নামে খোলা ব্যাংক হিসাবের চেক বই নিরাপদে সংরক্ষণ, কিস্তির টাকা পরিশোধসহ বিভিন্ন বিষয়ে সুফলভোগীদের সচেতন করবেন।
৪. কোন অবস্থাতেই অনুপস্থিত সদস্যের নামে ঋণের চেক/ফান্ড ট্রান্সফারের পত্র ব্যাংকে প্রেরণ করা যাবে না বা ঋণের চেক সমিতির ম্যানেজার/সভাপতির হাতে প্রদান করা যাবে না। সদস্যদের মাঝে ঋণ বিতরণের (চেক/ফান্ড ট্রান্সফার) স্থির চিত্র/ভিডিও ক্লিপ ধারণপূর্বক সংশ্লিষ্ট ঋণ ফাইলে সংরক্ষণ করতে হবে।
৫. একটি সমিতিতে একাধিকবার ঋণ বিতরণ করা হলে যে সমস্ত ঋণ গ্রহিতার ঋণ পরিশোধ হয়েছে সে সমস্ত ঋণ ফরম সমিতির ঋণ ফাইল হতে সরিয়ে শুধুমাত্র বকেয়া ঋণীদের ঋণ ফরমই সংশ্লিষ্ট সমিতির ঋণ ফাইলে সংরক্ষণ করতে হবে। তবে শুরুর হতে সকল নোটশীট ফাইলে সংরক্ষণ করতে হবে।
৬. ঋণ ফরমে স্বাক্ষরের পূর্বে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সদস্যের পূর্ববর্তী ঋণ গ্রহণ ও পরিশোধ, কিস্তির সংখ্যা, জমাকৃত সঞ্চয়ের হারসহ সদস্যদের নাম, পিতা/স্বামীর নাম ও অন্যান্য তথ্যবলী সংশ্লিষ্ট সুফলভোগীর জাতীয় পরিচয়পত্রের তথ্যের সঙ্গে মিলিয়ে নিশ্চিত হয়ে স্বাক্ষর করবেন।

চলমান পাতা-০২

এমতাবস্থায়, ঋণ তহবিল ব্যবস্থাপনা, ঋণের সিলিং নির্ধারণ, ঋণ আবেদন প্রক্রিয়াকরণ ও মঞ্জুরী, ঋণ বিতরণ, ঋণ সংক্রান্ত দলিলাদি সংরক্ষণ ঋণ আদায়সহ সার্বিক ঋণ ব্যবস্থাপনা ক্ষেত্রে প্রকল্প বাস্তবায়ন নির্দেশিকা যথাযথভাবে অনুসরণ করতে হবে। ঋণ বিতরণের ক্ষেত্রে উদাসীনতা ও গাফিতলির কারণে কোন প্রকার অনিয়ম সংগঠিত হলে প্রকল্পের কর্মকর্তা ও কর্মচারীদের সঙ্গে উপজেলা পল্লী উন্নয়ন অফিসারকেও ব্যক্তিগত ভাবে দায়ী করা হবে।



মোহাম্মদ রাশেদুল আলম  
প্রকল্প পরিচালক

ফোন: ০২-৮১৮০১৪৪

ইমেইল:-[iresppwad@gmail.com](mailto:iresppwad@gmail.com)


উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,  
উপজেলা....., জেলা.....

স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৬৬.১৪.৪০৪.১৩.২০৭৮

তারিখঃ ০৭ অক্টোবর, ২০২৪ খ্রি.

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা:..... (সংশ্লিষ্ট জেলা)
২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৪. পরিচালক (পরিচালনা/সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৫. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, উপজেলা..... (প্রকল্পভুক্ত সকল উপজেলা)।
৬. অফিস নথি।



শামীমা আক্তার  
সহকারী পরিচালক

ইমেইল:-[iresppwad@gmail.com](mailto:iresppwad@gmail.com)